



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-৩ শাখা



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর-৪৬.০০.০০০০.০৯৫.১৪.১০৩.২০২০ - ৫৪৪

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮  
১০ অক্টোবর ২০২১

### সভার বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেললুদীন আহমদ এর সভাপতিত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রস্তুতকৃত "গ্রামীণ স্যানিটেশন"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভায় গৃহীত ৪টি সিদ্ধান্ত প্রতিপালন বিষয়ক সভা আগামী ১৭/১০/২০২১ তারিখ অপরাহ্নে ২.৩০ মিনিটে Zoom App এর মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।

#### আলোচনার জন্য পিইসি সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

**সিদ্ধান্ত-৪.১:** প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত বিভিন্ন ধরনের ল্যাট্রিন ও টয়লেট স্থাপনের ক্ষেত্রে ওয়াটসান কমিটি/বাজার কমিটি কিভাবে কাজ করবে, সাইট সিলেকশনের ক্ষেত্রে কি কি বিষয় বিবেচনা করা হবে, গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় ইত্যাদি বিষয়ে একটি গাইডলাইন/নির্দেশিকা প্রণয়নপূর্বক তা স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে এবং তা পুনর্গঠিত ডিপিপি'তে সংযোজন করতে হবে।

**সিদ্ধান্ত-৪.২:** বিবেচ্য প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ইম্প্রুভ ল্যাট্রিনসমূহের টিনের বেড়ার পরিবর্তে ইটের দেয়াল দিয়ে নির্মাণ করাটা যৌক্তিক হবে কিনা, তা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বিবেচনাপূর্বক সে অনুসারে প্রকল্পে সংস্থান রাখা যেতে পারে।

**সিদ্ধান্ত-৪.৫:** প্রকল্পের আওতায় পূর্ত কাজের প্যাকেজ সংখ্যা ও দরপত্র বিজ্ঞপ্তির ধরন ও সংখ্যা নির্ধারণ বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের লক্ষ্যে আইএমইডি'র সংশ্লিষ্ট সেক্টরের মহাপরিচালকের নেতৃত্বে স্থানীয় সরকার বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। উক্ত কমিটি'র সুপারিশ অনুসারে প্রকল্পের ক্রয় পরিকল্পনা এবং প্রচার ও বিজ্ঞাপন খাতের ব্যয় প্রাক্কলন সংশোধন করতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত-৪.৮:** পাবলিক টয়লেটসমূহে ওয়ুখানার মতো পবিত্র স্থান থাকবে বিধায় এ স্থাপনার নাম 'পাবলিক টয়লেট' এর পরিবর্তে 'হাইজিন কমপ্লেক্স' অথবা অপর কোনো নামে নামকরণ করা যায় কি না, সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

Meeting ID : 824 892 7155  
Passcode : 1a2b3c

০২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সংযুক্ত হয়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রিয়াসাত আল ওয়াসিফ  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫৯২১

ইমেইল: Planning3.lgd@gmail.com

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা (সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত ব্যবস্থা Power Point এর মাধ্যমে উপস্থাপনের অনুরোধসহ)
৪. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. উপসচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. জনাব তুষার মোহন সাধু খাঁ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিঃ), ডিপিএইচই, কাকরাইল, ঢাকা
৯. জনাব মো: আনোয়ার ইউসুফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিঃ), ডিপিএইচই, কাকরাইল, ঢাকা
১০. জনাব মো: গোলাম মোক্তাদির, প্রকল্প পরিচালক, জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়) (২য় সংশোধিত), ডিপিএইচই, কাকরাইল, ঢাকা

#### অনুসিপি কার্যার্থে:

১. উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় যথাসময়ে Zoom Link এর চসমানতা বজায় রাখার অনুরোধসহ)
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)